রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১৬, ২০০৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২ বৈশাখ ১৪১৬ বঙ্গাব্দ/১৫ এপ্রিল ২০০৯ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৬০-আইন/২০০৯।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা পাট অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৯ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লেখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;



মূল্য ঃ টাকা ৬.০০

(ছ) "স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয় ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফরমে (যদি থাকে) ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে এবং স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে পদোন্নতির জন্য গঠিত সংশ্লিষ্ট পদোন্নতি বা বাছাই/নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণী হইতে দ্বিতীয় শ্রেণী এবং দ্বিতীয় শ্রেণী হইতে প্রথম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস।**—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিস এর মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

৩। শিক্ষানবিসের মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসের মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যেই পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশ বলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ ও হেফাজত।**— (১) বিগত ২রা ফেব্রুয়ারি, ১৯৭৭ তারিখের প্রজ্ঞাপন (Notification) নং ঃ No.S.R.O 43-L/77 দ্বারা জারীকৃত Gazetted Officers (Directorate of Jute) Recruitment Rules, 1976 ও প্রজ্ঞাপন (Notification) নংঃ No.S.R.O 44-L/77 দ্বারা জারীকৃত Non-Gazetted Employees (Directorate of Jute) Recruitment Rules, 1975 এবং বিগত ২৯শে আগস্ট, ১৯৯২ তারিখের প্রজ্ঞাপন এস. আর.ও নং ২১২-আইন/৯২ দ্বারা জারীকৃত পাট ও পাটপণ্য পরিদর্শন পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯২ এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও রহিতকৃত উক্ত বিধিমালার অধীন কৃত কার্যাবলী ও গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত কার্য ও গৃহীত ব্যবস্থা বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারীর তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীনে নিষ্পন্ন করিতে হইবে।

## তফসিল

[বিধি ২(খ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | মহাপরিচালক | - | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরকারের যুগ্ম-সচিব পদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>পরিচালক পদে অন্যূন তিন বৎসরের চাকুরীসহ প্রথম শ্রেণীর পদে অন্যূন আঠার বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; তবে উচ্চতার ডিগ্রী অর্জনকারী এবং বিশেষায়িত প্রশিক্ষণ প্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| (২) | পরিচালক | | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরকারের উপ-সচিব পদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>উপ-পরিচালক পদে অন্যূন সাত বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; তবে উচ্চতার ডিগ্রী অর্জনকারী এবং বিশেষায়িত প্রশিক্ষণ প্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| (৩) | উপ-পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সহকারী পরিচালক পদে অন্যূন আট বৎসরের চাকুরী; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ ও পাবলিক সেক্টরে সুপ্রতিষ্ঠিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণপ্রাপ্ত। |
| (৪) | সহকারী পরিচালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>(ক) প্রশাসনিক অফিসার/উপ-সহকারী প্রকৌশলী/মুখ্য পরিদর্শক পদে অন্যূন সাত বৎসরের চাকুরীঃ<br>তবে শর্ত থাকে যে, সম্মিলিত জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতি প্রদান করা হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (খ) Word processing এর অভিজ্ঞতাসহ কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা চার বৎসর মেয়াদী ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী, অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে জুট বা টেক্সটাইল টেকনোলজিতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| (৫) | প্রশাসনিক অফিসার | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>প্রধান সহকারী, হিসাব রক্ষক বা সাঁট লিপিকার পদে অন্যূন সাত বৎসরের চাকুরী ঃ<br>তবে শর্ত থাকে যে সম্মিলিত জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতি প্রদান করা হইবে।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা চার বৎসর মেয়াদী ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| (৬) | উপ-সহকারী প্রকৌশলী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ন্যূনতম দ্বিতীয় বিভাগে পাওয়ার বা তড়িৎ বা যান্ত্রিক প্রকৌশলে চার বৎসর মেয়াদী ডিপ্লোমা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৭) | মুখ্য পরিদর্শক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে ; এবং | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>পরিদর্শক (পণ্য)/পরিদর্শক (পাট) পদে অন্যূন পাঁচ বৎসরের চাকুরী। |
| | | | (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে; | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>(ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হইতে জুট বা টেক্সটাইল টেকনোলজিতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী, অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী।<br>(খ) কাঁচা পাটের শ্রেণীবিন্যাস এবং মান যাচাই বিষয়ে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| (৮) | পরিদর্শক (পণ্য) | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ২৫% পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>পরীক্ষণ সহকারী পদে অন্যূন পাঁচ বৎসরের চাকুরী। |
| | | | (খ) ৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>(ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হইতে জুট বা টেক্সটাইল টেকনোলজিতে ডিপ্লোমা, অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী;<br>(খ) পাট পণ্য পরিদর্শন, মান নিয়ন্ত্রণ বা পণ্য উৎপাদনে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৯) | পরিদর্শক (পাট) | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে ; এবং | পদোন্নতির ক্ষেত্রে ঃ সহকারী পরিদর্শক পদে অন্যূন পাঁচ বৎসরের চাকুরী। |
| | | | (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হইতে জুট বা টেক্সটাইল টেকনোলজিতে ডিপ্লোমা অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী; (খ) পাট পণ্য পরিদর্শন, মান নিয়ন্ত্রণ বা পণ্য উৎপাদনে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| (১০) | সহকারী পরিদর্শক | অন্যূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| (১১) | পরীক্ষণ সহকারী | অন্যূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| (১২) | প্রধান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে | উচ্চমান সহকারী/সাঁট-মুদ্রাক্ষরিক পদে অন্যূন পাঁচ বৎসরের চাকুরী ঃ তবে শর্ত থাকে যে সম্মিলিত জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতি প্রদান করা হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১৩) | হিসাব রক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>হিসাব সহকারী(উচ্চতর স্কেল) পদে অন্যূন পাঁচ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| (১৪) | সাঁট-লিপিকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। |
| (১৫) | সাঁট-মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। |
| (১৬) | উচ্চমান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে ; এবং<br>(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>(ক) অফিস সহকারী-মুদ্রাক্ষরিক পদে অন্যূন পাঁচ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; এবং<br>(খ) Word processing এর অভিজ্ঞতাসহ কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণ প্রাপ্ত।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) Word processing এর অভিজ্ঞতাসহ কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণ প্রাপ্ত। |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

-৭৯-

| | | | | |
|---|---|---|---|---|
| (১৭) | হিসাব সহকারী (উচ্চতর স্কেল) | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ২৫% পদ পদোন্নতির মাধ্যমে ; এবং | পদোন্নতির ক্ষেত্রে ঃ হিসাব সহকারী (নিম্নতর স্কেল)/ অফিস সহকারী-মুদ্রাক্ষরিক পদে অন্যূন পাঁচ বৎসরের চাকুরী। |
| | | | (খ) ৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রী; এবং (খ) Word processing এর অভিজ্ঞতাসহ কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণ প্রাপ্ত। |
| (১৮) | হিসাব সহকারী (নিম্নতর স্কেল) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে বাণিজ্য বিভাগে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (১৯) | অফিস সহকারী-মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ২৫% পদ পদোন্নতির মাধ্যমে ; এবং | পদোন্নতির ক্ষেত্রে ঃ (ক) ডুপ্লিকেটিং মেশিন অপারেটর হিসাবে তিন বৎসরের চাকুরী, অথবা এম.এল.এস.এস/নৈশ প্রহরী পদে সাত বৎসরের চাকুরী ঃ তবে শর্ত থাকে যে সম্মিলিত জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতি প্রদান করা হইবে; এবং (খ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে বাংলা ২০টি শব্দ ইংরেজীতে ২৮টি শব্দের গতি এবং কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (খ) ৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে বাংলা ২০টি শব্দ ইংরেজীতে ২৮টি শব্দের গতি; এবং<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা । |
| (২০) | গাড়ী চালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ভারী গাড়ী চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (২১) | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | - | পদোন্নতির মাধ্যমে। | এম.এল.এস.এস/নৈশ প্রহরী পদে চার বৎসরের চাকুরী ঃ<br>তবে শর্ত থাকে যে সম্মিলিত জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতি প্রদান করা হইবে। |
| (২২) | এম.এল.এস.এস | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (২৩) | নৈশ প্রহরী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) শারীরিক যোগ্যতা থাকিতে হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

এবিএম আবদুল হক চৌধুরী
সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd